

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬২২

আগরতলা, ১৯ জানুয়ারি, ২০২৪

রাজ্য শীঘ্রই চালু হচ্ছে চাপাতা নিলামের  
ই-অকশন সেন্টার : ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান

রাজ্য শীঘ্রই চা পাতা নিলামের জন্য ই-অকশন সেন্টার চালু হতে যাচ্ছে। দুর্গাবাড়িস্থিত চা উন্নয়ন নিগমের সেন্টাল টি প্রসেসিং ফ্যাক্টরীতে এই ই-নিলাম কেন্দ্র খোলা হবে। এক্ষেত্রে কেন্দ্র সরকার রাজ্যকে সবুজ সংকেত দিয়েছে। ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ আজ এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান। চা উন্নয়ন নিগম কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি আরও জানান যে, ত্রিপুরার ই-অকশন সেন্টারটি হবে দেশের মধ্যে সপ্তম। ই-অকশন সেন্টার চালু হলে ত্রিপুরার চা গুণগত মান অনুসারে উপরুক্ত মূল্য পাবে, রপ্তানিতে সুবিধা হবে এবং কর্মসংস্থানের নতুন সুযোগ তৈরী হবে।

সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, রাজ্যের চা শিল্পের সাথে প্রায় কুড়ি হাজার মানুষ যুক্ত রয়েছেন। প্রতি বছর রাজ্যে প্রায় ১ কোটি কেজি চাপাতা উৎপাদিত হয়। চাপাতা উৎপাদনে ত্রিপুরা দেশে পঞ্চম স্থানে রয়েছে। ত্রিপুরার চাপাতা-কে জাতীয় ও আন্তর্জাতিকভাবে বিশেষ পরিচিতি দিতে এই ই-অকশন সেন্টার বিশেষ ভূমিকা পালন করবে। তাই চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মুখ্যমন্ত্রী প্রফেসর (ডি.) মানিক সাহকে ধন্যবাদ জানান। তিনি বলেন, ইতিমধ্যে রাজ্য সরকার চা শিল্পের উন্নয়নে বহুবিধ পদক্ষেপ নিয়েছে। তার মধ্যে চা শ্রমিক কল্যাণ প্রকল্প চালু করা, রেশন দোকানের মাধ্যমে চাপাতা বিক্রি করা ইত্যাদি। ইতিমধ্যে ৩ লক্ষ কেজির বেশি চাপাতা গণবন্টন ব্যবস্থার মাধ্যমে সরবরাহ করা হয়েছে। তাছাড়াও আজকের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন নিগমের এমডি মানিক লাল দাস।

\*\*\*\*\*